

-বিজ্ঞপ্তি-

বিষয়: ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল কলেজসমূহে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরসঙ্গার সন্তানদের জন্য সংরক্ষিত আসনে শিক্ষার্থী ভর্তি।

সূত্র: ০১. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পত্র নং ৫৯.০০.০০০০.১৪০.৩৩.০২৯.২৪.৩৫২ তারিখ ২৯/০৫/২০২৫ খ্রি.
০২. সলিসিটর অনুবিভাগ হতে প্রাপ্ত পত্র নং ১০.০০.০০০০.০০০.১৩৫.৩৩.০০২৪.২৫-৩৩ তারিখ ২৯/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকমূহের পরিপ্রেক্ষিতে মহামান্য আদালতের নির্দেশনা, বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের আইনী মতামত ও মন্ত্রণালয়ের নির্দেশনার অনুযায়ী ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে সরকারি মেডিকেল কলেজসমূহে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরসঙ্গার সন্তানদের জন্য সংরক্ষিত আসনে সংযুক্ত তালিকা অনুসারে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষগণকে শিক্ষার্থী ভর্তির বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীগণ আগামী ০২/০৬/২০২৫ খ্রি. তারিখ হতে ০৪/০৬/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট মেডিকেল কলেজে ভর্তি হবেন। এখানে উল্লেখ্য যে, আগামী ২০২৫-২০২৬ খ্রি. শিক্ষাবর্ষ থেকে সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজসমূহে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরসঙ্গার সন্তানদের জন্য কোনো আসন সংরক্ষিত থাকবে না।

০২. কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত স্থানীয় ভর্তি কমিটি ও মেডিকেল বোর্ড যথাক্রমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মূল সনদপত্রসমূহ যাচাই করবেন এবং স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করবেন। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অত্র অধিদপ্তরের প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নামসহ পূর্ণ তালিকা ও শূণ্য আসন (যদি থাকে) সংক্রান্ত তথ্যের সফট কপি ই-মেইলে (medicaledu313@gmail.com) ও হার্ড কপি আগামী ১৫-০৬-২০২৫ তারিখের মধ্যে পরিচালক চিকিৎসা শিক্ষা শাখা (স্বাস্থ্য অধিদপ্তর পুরাতন ভবন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকায় বিশেষ বাহক মারফত প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ভর্তির সময় নিম্নলিখিত কাগজ পত্র প্রয়োজন হবে:

- ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
- এইচএসসি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
- এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র।
- এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র ও প্রশংসা পত্র।
- স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত মূল নাগরিক সনদপত্র।
- চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
- মুক্তিযোদ্ধা কোটায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি: এ জারিকৃত বিধি বিধান অনুসরণযোগ্য।

অধ্যাপক ডা: মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
- ২। অতিরিক্ত সচিব (চি:শি), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। যুগ্ম-সচিব (চি:শি: অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি), ৮৬ বিজয় নগর, ঢাকা।
- ৭। উপ-সচিব (চি:শি-১/২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।